



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন  
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।  
লাইসেন্সিং শাখা



নম্বর ১৪.৩২.০০০০.৭০২.৪১.২০৫.১৯.৯৪৬

তারিখ: ২২ চৈত্র ১৪২৮  
০৫ এপ্রিল ২০২২

আইপিটিএসপি লাইসেন্স সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) হতে টেলিযোগাযোগ খাতে আইপিটিএসপি সেবার মান বৃদ্ধি ও সুশৃঙ্খল উন্নয়নে সরকারের ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অনুমোদনক্রমে “Amended Regulatory and Licensing Guidelines for Internet Protocol Telephony Service Provider (IPTSP)” শিরোনামে আইপিটিএসপি গাইডলাইনের সংশোধনী কমিশনের ওয়েবসাইট ([www.btrc.gov.bd](http://www.btrc.gov.bd)) এ গত ২৮-০৩-২০২২ তারিখে প্রকাশ করা হয়েছে। উক্ত সংশোধনীতে বর্ণিত শর্তসমূহ যথাযথভাবে প্রতিপালনসহ নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো যাচ্ছেঃ

১. সকল বিদ্যমান আইপিটিএসপি লাইসেন্সধারী প্রতিষ্ঠানকে উপরে বর্ণিত আইপিটিএসপি গাইডলাইন সংশোধনী জারির তারিখ থেকে আগামী ০১ (এক) বছরের মধ্যে অর্থাৎ আগামী ২৭-০৩-২০২৩ তারিখের মধ্যে প্রযোজ্য লাইসেন্স ক্যাটাগরিতে রূপান্তরের (কনভার্সন) লক্ষ্যে কমিশন বরাবর আবেদন দাখিল করতে হবে। সেক্ষেত্রে প্রতিষ্ঠানসমূহ তাদের বিদ্যমান আইপিটিএসপি লাইসেন্সের ছায়াপিপিএসপি কোম্পানী প্যাডে কনভার্সনের আবেদন কমিশনে দাখিল করবে।
২. আইপিটিএসপি লাইসেন্সের আওতায় সকল কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে আইপিটিএসপি গাইডলাইনের উপরিলিখিত সংশোধনীতে বর্ণিত বিধানাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
৩. নতুন আইপিটিএসপি লাইসেন্সের জন্য আগ্রহী সকল প্রতিষ্ঠানসমূহকে উপরে বর্ণিত সংশোধনী ও আইপিটিএসপি গাইডলাইনের বিধান অনুযায়ী কমিশন বরাবর আবেদন করতে হবে;
৪. যে সকল প্রতিষ্ঠানমূহের নবায়নকাল আসন্ন, তাদেরকে উপরে বর্ণিত সংশোধনীসহ আইপিটিএসপি গাইডলাইনের বিদ্যমান বিধান অনুযায়ী নবায়নের আবেদন করতে হবে;
৫. উক্ত সংশোধনী জারির তারিখ হতে ইহাতে বর্ণিত ফিস এন্ড চার্জ সকল লাইসেন্সধারীর জন্য প্রযোজ্য হবে।

ইহা সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যার্থে নির্দেশক্রমে জারি করা হলো।

৫-৪-২০২২

মোঃ নূরুলবী

পরিচালক

ফোন: +৮৮০ ২ ৯৬১১১১১, এক্স-৫১২

ফ্যাক্স: +৮৮০ ২ ৯৫৫৬৬৭৭

অনুলিপি:

- ১) সকল আইপিটিএসপি লাইসেন্সধারী প্রতিষ্ঠান;
- ২) আইটি শাখা, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (কমিশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)